

মূল্য
১০
টাকা

সত্যের পক্ষে জাতীয় দৈনিক



খবর

www.dailymuktakhabar.com

৪ | ঢাকা ♦ মঙ্গলবার ♦ ২৭ জুন ২০২৩



গোপালগঞ্জে ৯'শ জন কৃষক পেলেন স্থানীয় উন্নতজাতের নারিকেলের চারা

গোপালগঞ্জ প্রতিনিধি : গোপালগঞ্জ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর গোপালগঞ্জ সদর কর্তৃক আয়োজিত ২০২২-২৩ অর্থ বছরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে কৃষি প্রনোদনার কর্মসূচির আওতায় ২দিন ব্যাপি স্থানীয় ৯'শ জন কৃষকের মাঝে উন্নতজাতের চার হাজার পাঁচশটি নারিকেলের চারা বিতরণ করা হয়েছে। দুই দিন ব্যাপিয়া গোপালগঞ্জ সদর উপজেলা কৃষি অফিস চত্বরে অনুষ্ঠিত উক্ত নারিকেলের চারা বিতরণ করা হয়। গোপালগঞ্জ সদর উপজেলার নির্বাহি অফিসার মহসিন উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত বিতরণ অনুষ্ঠানে সদর উপজেলা চেয়ারম্যান শেখ লুৎফার রহমান বাচ্চু প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে নারিকেলের চারা বিতরণ অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন। এ সময় কৃষিসম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ আঃ কাদের সরদার, সদর উপজেলা কৃষি কর্মকর্তা মাফরোজা আক্তার, গোপালগঞ্জজেলাধীন ২১টি ইউনিয়নের উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ, সদর উপজেলাধীন বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউপি সদস্যগণ এবং ২১ টি ইউনিয়ন থেকে আগত ৯'শ জন কৃষক উপস্থিত ছিলেন।